# ফ্লুকেয়ার

অ্যানড্রোগ্রাফিস পেনিকুলাটা ২০০ মিগ্রা ক্যাপসুল

**বিবরণ:** অ্যানড্রোগ্রাফিস পেনিকুলাটা কালমেঘ নামে পরিচিত যা শতাব্দী ধরে এশিয়ান এবং ইন্ডিয়ান ঔষধ হিসেবে ব্যবহৃত হয়ে আসছে। এই ভেষজ উপাদানের প্রত্যেকটি অংশ খুবই তিতা। ইহা রোগ প্রতিরোধ ক্ষমতা শক্তিশালী করার মধ্য দিয়ে জীবাণু সংক্রমন রোগের চিকিৎসায় ব্যবহৃত হয়।

**মূল উপাদানসমূহ:** কালমেঘ এর মূল উপাদান অ্যানড্রোগ্রাফোলাইডস যা রাসায়নিক গঠনের কারণে ডাইটারপেন ল্যাকটোন্স গ্রুপে অন্তর্ভুক্ত। সবচেয়ে বেশি অ্যানড্রোগ্রাফোলাইডস পাতার মধ্যে থাকে যার কারণে এই ভেষজ উপাদান তিতা। এছাড়া পাতার মধ্যে নিওঅ্যানড্রোগ্রাফোলাইড, অ্যানড্রোগ্রাফিসাইড ইত্যাদি রয়েছে।

**ফার্মাকোলজী:** অ্যানড্রোগ্রাফিস পেনিকুলাটা শক্তিশালী ভাইরাল বিরুদ্ধ। অ্যানড্রোগ্রাফিস পেনিকুলাটা এর অ্যালকালয়েড ভাইরাস এর রিভার্স ট্রান্সক্রিপটেজ প্রক্রিয়ায় বাঁধা দেয়। অ্যানড্রোগ্রাফিস পেনিকুলাটা সাইক্লোন ডিপেনডেন্ট কাইনেজ ফসফরাইলেশন এ বাঁধা দেয় যার ফলে সংক্রমিত সিডি৪ কোষ এর কার্যক্রম বন্ধ হয়ে যায় এবং ভাইরাস ধ্বংস হয়। অ্যানড্রোগ্রাফিস পেনিকুলাটা এর অ্যালকালয়েড হেপাটাইটিস বি এবং ইনফ্লুয়েঞ্জা ভাইরাস এর মাল্টিপ্লিকেশন কমায়। অ্যানড্রোগ্রাফিস পেনিকুলাটা এর ফ্ল্যাভনয়েডস এর অ্যান্টি ইনফ্লামেটরী প্রভাব রয়েছে। অ্যানড্রোগ্রাফোলাইড কক্স-২ এর প্রভাব কমায়। অ্যানড্রোগ্রাফোলাইড যকৃৎ এর এনজাইম কে উদ্দীপ্ত করে। অ্যানড্রোগ্রাফোলাইড পিত্ত নিঃসরণ এবং পিত্ত রস বাড়াতে সাহায্য করে।

**ব্যবহার ও নির্দেশনা:** **ফ্লুকেয়ার** ক্যাপসুল ভাইরাল জ্বর, ভাইরাল হেপাটাইটিস, যকৃৎ রোগ এর সমস্যায় ব্যবহৃত হয়। ইহা যকৃৎ ও পিত্তথলি কে সুরক্ষা করে এবং সর্দি জ্বর, শ্বাসনালী জীবাণু সংক্রমণ, সাইনুসাইটিস চিকিৎসায় ব্যবহৃত হয়। ইহা পিত্ত নিঃসরণ বাড়াতে সাহায্য করে

**সেবন মাত্রা ও সেবন বিধি:** প্রাপ্তবয়স্ক ঃ একটি করে **ফ্লুকেয়ার** ক্যাপসুল খাওয়ার পরে দৈনিক তিনবার পাঁচ থেকে সাতদিন। শিশু ঃ একটি করে **ফ্লুকেয়ার** ক্যাপসুল খাওয়ার পরে দৈনিক দুইবার পাঁচ থেকে সাতদিন অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

**পার্শ্ব-প্রতিক্রিয়া:** সাধারণত কোন পার্শ্ব-প্রতিক্রিয়া পরিলক্ষিত হয় না। তবে কারও কারও ক্ষেত্রে ক্ষুধামন্দা, ডায়রিয়া, বমি, মাথাব্যথা , অবসাদ হতে পারে।

**বিপরীত নির্দেশনা:** হারবাল ঔষধ **ফ্লুকেয়ার** ক্যাপসুল (অ্যানড্রোগ্রাফিস পেনিকুলাটা) এ তেমন কোন বিরূপ প্রতিক্রিয়া জানা যায়নি, তবে এর যে কোন উপাদানের প্রতি সংবেদন-শীল রোগীদের ক্ষেত্রে প্রতিক্রিয়া দেখা যেতে পারে ।

**গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার:** গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে অ্যানড্রোগ্রাফিস পেনিকুলাটা ব্যবহার এড়িয়ে চলাই ভাল।

**সংরক্ষণ:** সূর্যালোক থেকে দূরে, ঠান্ডা ও শুষ্ক স্থানে সংরক্ষণ করুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

**সরবরাহ:** **ফ্লুকেয়ার** ক্যাপসুল : প্রতিটি বক্সে রয়েছে ৩০ টি (10 x 3) **ফ্লুকেয়ার** (অ্যানড্রোগ্রাফিস পেনিকুলাটা) ক্যাপসুল অ্যালু অ্যালু ব্লিষ্টারে।

প্রস্তুতকারক:

IBN SINA

দি **ইবনে সিনা**
ন্যাচারাল মেডিসিন (হারবাল বিভাগ)
সফিপুর, গাজীপুর, বাংলাদেশ ।